বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৫৮

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: বিএসইসি চেয়ারম্যানের বক্তব্যের নামে বিভ্রান্তিকর সংবাদ ও সামাজিক যোগাযোগমাধ্যমে অপপ্রচার প্রসঙ্গে বিএসইসির সতর্কীকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর চেয়ারম্যান জনাব মাসুদ খানকে উদ্ধৃত করে সম্প্রতি বিভিন্ন সংবাদমাধ্যমে 'কারসাজিতে শুধু জরিমানা নয়, হবে ফৌজদারি মামলা' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়েছে। উক্ত সংবাদে বিএসইসি চেয়ারম্যানের নামে পুঁজিবাজারে কারসাজি, অনিয়ম, জরিমানা, ফৌজদারি মামলা, ব্রোকারেজ হাউজ, ডাইরেক্ট লিস্টিং, বন্ড মার্কেট, প্রযুক্তিনির্ভর নজরদারি ইত্যাদি বিষয়ে বিভিন্ন বক্তব্য প্রকাশ করা হয়েছে।

বিএসইসি স্পষ্টভাবে জানাচ্ছে যে, **যেসব সংবাদমাধ্যমকে বিএসইসি চেয়ারম্যান কোনো সাক্ষাৎকার বা বক্তব্য প্রদান করেননি, সেসব মাধ্যমে তাঁর নামে প্রকাশিত বা উদ্ধৃত বক্তব্যকে বিএসইসি চেয়ারম্যানের বক্তব্য হিসেবে গণ্য করার কোনো সুযোগ নেই**। সংশ্লিষ্ট সংবাদমাধ্যমের নিজস্বভাবে প্রস্তুতকৃত বা উপস্থাপিত বক্তব্যকে চেয়ারম্যানের বক্তব্য হিসেবে প্রচার বা প্রকাশের বিষয়টি অনভিপ্রেত এবং বিভ্রান্তিকর।

এছাড়া, উক্ত সংবাদকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যম, বিশেষ করে ফেসবুকে বিভিন্ন পোস্ট ও শেয়ার/প্রচার করা হচ্ছে, যেখানে সংবাদটির বক্তব্যকে বিএসইসি চেয়ারম্যানের বক্তব্য হিসেবে উপস্থাপন করা হচ্ছে। এ ধরনের প্রচার **বিএসইসি চেয়ারম্যান এবং কমিশনের অবস্থান সম্পর্কে জনসাধারণ ও বিনিয়োগকারীদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করতে পারে** এবং পুঁজিবাজারে ভুল তথ্য ছড়িয়ে পড়ার ঝুঁকি তৈরি করতে পারে।

বিএসইসি মনে করে, পুঁজিবাজারের মতো সংবেদনশীল ও বিনিয়োগকারীদের আস্থার সঙ্গে সরাসরি সংশ্লিষ্ট ক্ষেত্রে কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা নিয়ন্ত্রক সংস্থার চেয়ারম্যান/কমিশনারের নামে বক্তব্য প্রকাশের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা ও পেশাগত দায়িত্বশীলতা অনুসরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে কোনো বক্তব্যের সত্যতা যাচাই না করে তা প্রকাশ বা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার করা অনাকাঙ্ক্ষিত বিভ্রান্তি তৈরি করতে পারে।

এ পরিপ্রেক্ষিতে বিএসইসি **সকল সংবাদমাধ্যম, সাংবাদিক, সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারকারী এবং পুঁজিবাজারের সংশ্লিষ্ট সকলকে যাচাই-বাছাই ছাড়া বিএসইসি চেয়ারম্যান বা কমিশনের নামে কোনো বক্তব্য, সিদ্ধান্ত বা অবস্থান প্রচার না করার জন্য সতর্ক করছে।**

বিএসইসি আরও জানাচ্ছে যে, কমিশনের কোনো সিদ্ধান্ত, নির্দেশনা, নীতিগত অবস্থান বা গুরুত্বপূর্ণ বক্তব্য সম্পর্কে নির্ভরযোগ্য তথ্যের জন্য কমিশনের **অফিসিয়াল ওয়েবসাইট, অনুমোদিত প্রেস বিজ্ঞপ্তি এবং কমিশনের মুখপাত্রের মাধ্যমে প্রকাশিত তথ্য** অনুসরণ করা উচিত।

একই সঙ্গে, বিএসইসি চেয়ারম্যান বা কমিশনের নামে **মিথ্যা, বিভ্রান্তিকর বা ভিত্তিহীন তথ্য তৈরি, প্রকাশ ও প্রচারের মাধ্যমে জনমনে বিভ্রান্তি সৃষ্টি এবং পুঁজিবাজারের স্বাভাবিক পরিবেশ বিঘ্নিত করার যেকোনো অপচেষ্টা কমিশন গুরুত্বের সঙ্গে বিবেচনা করছে।**

বিএসইসি সকলের প্রতি দায়িত্বশীল ও তথ্যভিত্তিক সাংবাদিকতা এবং সামাজিক যোগাযোগমাধ্যমে তথ্য প্রচারের ক্ষেত্রে যথাযথ সতর্কতা অবলম্বনের আহ্বান জানাচ্ছে। একইসাথে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত কোনো তথ্যের ভিত্তিতে বিনিয়োগ-সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে তথ্যটির উৎস ও সত্যতা যাচাই করার জন্য বিনিয়োগকারীদেরও অনুরোধ জানানো যাচ্ছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৯/০৮/2026

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র